# ২০২১

# বাংলা — সাধারণ

## পঞ্চম সেমেস্টার

## পত্র : SEC-A-2

## (ব্যবহারিক বাংলা-১)

## পূর্ণমান - ৮০

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) নীচের গল্পসূত্রটি অবলম্বনে অনধিক ৩০০ শব্দে একটি কাহিনি নির্মাণ করো। ১০

আজ স্কুলের সকলের প্রিয় মাস্টারমশাই অবসর নেবেন। সারা জীবন নিজের আদর্শে অবিচল থেকে রণেশবাবু তাঁর কর্মজীবনে বহু সফল ছাত্রছাত্রী তৈরি করেছেন। তাঁর বেশ মনে পড়ে সেই মেধাবী মেয়ে মণির কথা। সে পড়তে চেয়েছিল, কিন্তু পড়া শেষ করতে পারেনি। পড়ার মাঝখানেই তাকে ছাড়তে হয়েছিল পড়া। রণেশবাবু দেখলেন, তাঁর এই অবসরের দিন যেন সে এসে দাঁড়িয়েছে এই ঘরেরই কোণে। রণেশবাবু আশ্চর্য। এতদিনে মণির বয়স এতটুকুও বাড়েনি দেখে। সে বোধহয় কিছু বলতে চায়। রণেশবাবু ডেকে নেন তাকে। সে স্টেজের দিকে এগিয়ে এল ধীর পায়ে। তারপর—

*অথবা,*

(খ) নিম্নলিখিত কাহিনি অবলম্বনে একটি চিত্রনাট্য রচনা করো। ১০

কাঞ্চীর রাজা কর্ণাট জয় করতে গেলেন। তিনি হলেন জয়ী। চন্দনে, হাতির দাঁতে, আর সোনামানিকে হাতি বোঝাই হল। দেশে ফেরবার পথে বলেশ্বরীর মন্দির বলির রক্তে ভাসিয়ে দিয়ে রাজা পুজো দিলেন। পুজো দিয়ে চলে আসছেন— গায়ে রক্তবস্ত্র, গলায় জবার মালা, কপালে রক্তচন্দনের তিলক; সঙ্গে কেবল মন্ত্রী আর বিদূষক।
এক জায়গায় দেখলেন, পথের ধারে আমবাগানে ছেলেরা খেলা করছে।
রাজা তাঁর দুই সঙ্গীকে বললেন, 'দেখে আসি, ওরা কী খেলছে।'
ছেলেরা দুই সারি পুতুল সাজিয়ে যুদ্ধ-যুদ্ধ খেলছে।
রাজা জিজ্ঞাসা করলেন, 'কার সঙ্গে কার যুদ্ধ।'
তারা বললে, 'কর্ণাটের সঙ্গে কাঞ্চীর।'
রাজা জিজ্ঞাসা করলেন, 'কার জিত, কার হার।'
ছেলেরা বুক ফুলিয়ে বললে, 'কর্ণাটের জিত, কাঞ্চীর হার।'
মন্ত্রীর মুখ গম্ভীর হল, রাজার চক্ষু রক্তবর্ণ, বিদূষক হা হা ক'রে হেসে উঠল।
রাজা যখন তাঁর সৈন্য নিয়ে ফিরে এলেন, তখনো ছেলেরা খেলছে।
রাজা হুকুম করলেন, 'এক-একটা ছেলেকে গাছের সঙ্গে বাঁধো, আর লাগাও বেত।'
গ্রাম থেকে তাদের মা-বাপ ছুটে এল। বললে, 'ওরা অবোধ, ওরা খেলা করছিল, ওদের মাপ করো।'
রাজা সেনাপতিকে ডেকে বললেন, 'এই গ্রামকে শিক্ষা দেবে, কাঞ্চীর রাজাকে কোনোদিন যেন ভুলতে না পারে।'
এই বলে শিবিরে চলে গেলেন।

সন্ধেবেলায় সেনাপতি রাজার সম্মুখে এসে দাঁড়াল। প্রণাম করে বললে, 'মহারাজ, শৃগাল কুকুর ছাড়া এ গ্রামের কারো মুখে শব্দ শুনতে পাবেন না।'

মন্ত্রী বললে, 'মহারাজের মান রক্ষা হল।'

পুরোহিত বললে, 'বিশ্বেশ্বরী মহারাজের সহায়।'

বিদূষক বললে, 'মহারাজ, এবার আমাকে বিদায় দিন।'

রাজা বললেন, 'কেন।'

বিদূষক বললে, 'আমি মারতেও পারি নে, কাটতেও পারি নে, বিধাতার প্রসাদে আমি কেবল হাসতে পারি। মহারাজের সভায় থাকলে আমি হাসতে ভুলে যাব।'

২। (ক) যথাযথ উচ্চারণে আবৃত্তির জন্য বাংলা ব্যঞ্জনধ্বনির উচ্চারণে দন্ত্য ন- এবং মূর্ধন্য ণ-র উচ্চারণ এবং তিনটি শিসধ্বনি তালব্য শ, মূর্ধন্য ষ এবং দন্ত্য স-এর উচ্চারণ কতখানি জরুরি, যথাযথ উদাহরণ সহযোগে বুঝিয়ে দাও। ১০

*অথবা,*

(খ) দলবৃত্ত ছন্দোরীতি বলতে কী বোঝো? এই ছন্দোরীতির বৈশিষ্ট্যগুলি যথাযথ উদাহরণসহ ব্যাখ্যা করো। ১০

৩। (ক) সাহিত্য অবলম্বনে একটি চলচ্চিত্র প্রস্তুত হতে পারে কিন্তু একটি লিখিত সাহিত্যকে কখনো হুবহু চলচ্চিত্রে রূপায়িত করা যায় না, তার জন্য বোঝা দরকার চলচ্চিত্রের নিজস্ব ভাষারীতি।— বিষয়টি বিশ্লেষণ করো। ১০

*অথবা,*

(খ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের লেখা 'পথের পাঁচালী' উপন্যাসের সঙ্গে সত্যজিৎ রায়ের 'পথের পাঁচালী' ছবির স্বাতন্ত্র্য কোন্ কোন্ দিক থেকে তা কিছু উদাহরণ সহযোগে আলোচনা করো। ১০

৪। ***যে-কোনো ছয়টি*** প্রশ্নের উত্তর দাও। ৫×৬

(ক) একটি ছোটোগল্পের নামকরণের সময় একজন লেখককে কোন কোন বিষয়ের দিক লক্ষ রাখতে হয়, বুঝিয়ে দাও।

(খ) চিত্রনাট্য রচনার সময়ে প্রতিটি দৃশ্যের সূচনায় কোন কোন বিষয়ের উল্লেখ অবশ্যই করতে হয়, জানাও।

(গ) একটি নাট্যরচনার ক্ষেত্রে নাট্যনির্দেশ অত্যন্ত দরকারি, নাকি তা নাট্য নির্দেশকের স্বাধীনতাকে খর্ব করে— এই বিষয়ে তোমার ধারণা স্পষ্ট করো।

(ঘ) "গান জুড়েছেন গ্রীষ্মকালে ভীষ্মলোচন শর্মা
আওয়াজখানা দিচ্ছে হানা দিল্লি থেকে বর্মা"
—অংশটির ছন্দোলিপি প্রস্তুত করো।

(ঙ) বাংলা উচ্চারণে কোন কোন বর্ণের উচ্চারণ নেই তা উদাহরণসহ লেখো।

(চ) 'বাড়ি থেকে পালিয়ে'— ছবির প্রথম দৃশ্য অবলম্বনে বালক কাঞ্চনের সঙ্গে তার বাবা ও মায়ের সম্পর্কটি বুঝিয়ে দাও।

(ছ) 'পথের পাঁচালী' ছবিতে প্রসন্ন পণ্ডিতের পাঠশালার দৃশ্যটিতে কীভাবে হাস্যরস সঞ্চারিত হয়েছে, সংক্ষেপে ব্যাখ্যা করো।

(জ) টীকা লেখো ঃ 'ফ্ল্যাশ ব্যাক'।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×২০

(ক) 'অভিধান' শব্দে রুদ্ধদল কোনটি?

(খ) মাইকেল মধুসূদন দত্ত প্রথম কোন রচনায় অমিত্রাক্ষর ছন্দোবন্ধ ব্যবহার করেন?

(গ) কণ্ঠের উচ্চাবচতা অনুশীলনের জন্য কোন স্বরধ্বনিটি ব্যবহার করা হয়?

(ঘ) 'অক্ষর'-কে 'দল' বলে চিহ্নিত করার যৌক্তিকতা কী?

(ঙ) একটি চরিত্র নিজের মনে কোনো সংলাপ বললে, তাকে নাট্যরচনাতে কোন শব্দ দিয়ে চিহ্নিত করা হয়?

(চ) যখন সিনেমার পর্দা জুড়ে একটি ছোটো অংশকে অনেক বড়ো করে দেখানো হয়, তাকে কী ধরনের শট বলে?

(ছ) 'পথের পাঁচালী' ছবির চিত্রগ্রাহকের নাম কী ছিল?

(জ) 'ক্ষুধিত পাষাণ' চলচ্চিত্রটি কোন সালে মুক্তি পেয়েছিল?

(ঝ) 'বাড়ি থেকে পালিয়ে' ছবিতে কাঞ্চন চরিত্রের শিশু অভিনেতার নাম কী?

(ঞ) বাংলা নাটকে থার্ড থিয়েটারের প্রবক্তা কাকে বলা হয়?

(ট) নাট্য নির্দেশে নাটককার সাধারণভাবে কোন্ নির্দেশ সবচেয়ে বেশি উল্লেখ করেন?

(ঠ) 'বাড়ি থেকে পালিয়ে' ভিন্ন ঋত্বিককুমার ঘটক পরিচালিত অন্য একটি ছায়াছবির নাম লেখো।

(ড) 'অপু ত্রয়ী'-র 'পথের পাঁচালী' ছাড়া অন্য দুটি ছবির নাম কী?

(ঢ) 'পথের পাঁচালী' ছবির পটভূমি যে গ্রামটি, সেই গ্রামটির নাম কী?

(ণ) সিনেমা বিষয়ক বিখ্যাত গ্রন্থ 'চলচ্চিত্র, মানুষ এবং আরো কিছু' কার রচনা?

(ত) 'ক্ষুধিত পাষাণ' ছাড়া রবীন্দ্র-সাহিত্য অবলম্বনে নির্মিত তপন সিংহ পরিচালিত অন্য একটি ছবির নাম লেখো।

(থ) পঞ্চাঙ্ক নাটকের প্রথম যে অংশে চরিত্রদের পরিচয় পাওয়া যায় বা মূল কাহিনির সূচনা হয়, তাকে নাট্যগঠনের পরিভাষায় কী বলে?

(দ) সিনেমায় শুটিংয়ের অভিজ্ঞতা বিষয়ক সত্যজিৎ রায়ের লেখা গ্রন্থটির নাম কী?

(ধ) 'বাড়ি থেকে পালিয়ে' ছবির সংগীত পরিচালক কে ছিলেন?

(ন) কোনো সিনেমায় একটি দৃশ্য ঝাপসা হয়ে অন্য দৃশ্য শুরু হলে, তাকে চিত্রনাট্যে কোন শব্দ দিয়ে বোঝানো হয়ে থাকে?